গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং- এলজিইডি/সিই/পরিকল্পনা/আর- ০৪/২০১৬/৪৯৩ তারিখ : ১৮/০৪/২০১৬ খ্রিঃ।

# পরিপত্র

বিষয়: সকল সমাপ্ত, চলমান ও প্রস্তাবিত প্রকল্পে সড়ক নিরাপত্তা আইটেম অন্তর্ভুক্তি/সংযোজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে পল্লী সড়কসমূহে যানবাহন চলাচল বৃদ্ধির পাশাপাশি সড়ক দুর্ঘটনাও ঘটছে। তাই পল্লী সড়কসমূহে যথাযথ সড়ক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এখন থেকে সকল নতুন ডিপিপি প্রনয়ণকালে নিম্নলিখিত সড়ক নিরাপত্তা আইটেমসমূহ অন্তর্ভুক্ত করার জন্য বলা হলো।

- সড়কে ট্রাফিক সাইন স্থাপন (নামফলক, কিলোমিটার পোস্টসহ)
- প্রযোজ্য ক্ষেত্রে গতিরোধক (রোড হাম্প, রোড বাম্প) নির্মাণ
- প্রযোজ্য ক্ষেত্রে সড়ক বাঁক প্রশস্থকরণ
- প্রযোজ্য ক্ষেত্রে সড়ক মার্কিং
- ব্রীজ এপ্রোচ, খাল/নদী পার্শ্বস্থ অংশে গাইড পোষ্ট/ গার্ডরেল নির্মাণ
- উচ্চতর শ্রেনীর সড়কের সংযোগস্থলে সড়ক নিরাপত্তা উন্নীতকরণ।

২। যে সকল ডিপিপি সংশোধনের অপেক্ষায়/প্রক্রিয়ায় আছে সে সকল ডিপিপিতে সড়ক নিরাপত্তার উপরোক্ত আইটেমসমূহ অন্তর্ভূক্ত করতে হবে।

৩। সমাপ্তকৃত প্রকল্পসমূহের মাধ্যমে নির্মিত সড়কসমূহের ক্ষেত্রে উপজেলা/জেলা ভিত্তিক প্যাকেজ গঠন করে সড়ক নিরাপত্তার আইটেম সম্বলিত স্কীম গ্রহণ করতে হবে। সড়ক রক্ষণাবেক্ষণ ও সড়ক নিরাপত্তা ইউনিট এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৪। রেলওয়ে ক্রসিং অতিক্রমকারী সড়কসমূহ উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের অনুমতি গ্রহণ করতে হবে। এতে প্রযোজ্য ক্ষেত্রে ওভারপাস কিংবা লেভেল ক্রসিং গেইট স্থাপনের বিষয় বিবেচনা করতে হবে। বিশেষত নগর পর্যায়ের এবং বেশী CVD সম্পন্ন পল্লী সড়কের ক্ষেত্রে ওভারপাস নির্মাণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৫। Rural Transport Improvement Project-II এর আওতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে Rural Road Safety Manual প্রস্তুত করা হয়েছে। পল্লী সড়ক নিরাপত্তার আইটেমসমূহ সংযোজনের ক্ষেত্রে এই ম্যানুয়ালটি ব্যবহার করা যাবে।

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২- ৯১২৪০২৭
ই- মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি:
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
৪। নির্বাহী প্রকৌশলী/উপ- প্রকল্প পরিচালক (সকল), সদর দপ্তর, এলজিইডি।
৫। জনাব- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - ।

G:Shipra:Words:Office Order:p-20